



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/

তারিখ: ১৫/১০/২০২৫ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) শারীরিক শিক্ষা বিভাগের ব্যবস্থাপনায় শুরু হলো আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট-২০২৫। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মাঠে বাংলা বিভাগ বনাম ইংরেজি বিভাগের মধ্যকার ম্যাচ দিয়ে এ টুর্নামেন্ট শুরু হয়েছে।

বুধবার (১৫ অক্টোবর) বিকাল তিনটায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ফুটবল মাঠে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে টুর্নামেন্টের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী।

টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল এবং প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন। এছাড়াও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, 'খেলোয়াড়সুলভ আচরণের মাধ্যমেই খেলা সম্পন্ন হোক এটাই আমাদের প্রত্যাশা। গতবারের তিক্ত অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে এবার সুস্বভাবের খেলা সম্পন্ন হবে বলে আমি আশাবাদী। এছাড়া ট্রেইনারের মাধ্যমে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে জাতীয় পর্যায়ের দল গঠনের পরিকল্পনাও রয়েছে।'

বিশেষ অতিথির বক্তব্যে মাননীয় উপ উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, 'শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশের জন্য পড়াশোনার পাশাপাশি শারীরিক চর্চা তথা খেলাধুলার আয়োজন অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের প্রতি অনুরোধ, তারা যেন সহনশীল হয় এবং হার-জিত মেনে নিয়ে সুন্দর ও মনোমুগ্ধকর খেলা উপহার দেয়।'

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম বলেন, ফুটবল খেলা একটি সুন্দর খেলা। বিশ্ববিদ্যালয়ের সুনাম অর্জনের জন্য এই খেলাগুলো চালু হয়েছে। খেলায় হারজিত থাকবে সেটা মেনে নেওয়ার মানসিক প্রস্তুতি নিতে হবে। আমি আশা করি তোমরা এবার মনোমুগ্ধকর খেলা উপহার দিয়ে বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ণ রাখবে।

ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন বলেন, 'খেলাধুলা আয়োজনের মূল উদ্দেশ্য একটাই শিক্ষার্থীরা ভালো খেলবে, ভালো খেলা দেখবে। খেলোয়াড়দের মন হয় বড়, মানসিকতা হয় উন্নত। আর সেই মনোভাব যেন মাঠে প্রতিফলিত হয়। সৌহার্দ্যের জন্য খেলা, বন্ধুত্বের জন্য খেলা, বিরোধিতার জন্য নয়। খেলোয়াড়দের প্রতি আহ্বান জানাই, যেন তারা সুস্থ ও সুন্দরভাবে খেলা সম্পন্ন করে এবং মাঠে রেফারির সিদ্ধান্ত মেনে নিয়ে খেলা চালিয়ে যায়।'

উল্লেখ্য, এবারের টুর্নামেন্টে ১৯ টি বিভাগ অংশগ্রহণ করেছে। আগামী ২৯ অক্টোবর ফাইনালের মধ্য দিয়ে ফুটবল প্রতিযোগিতা-২০২৫ এর আনুষ্ঠানিকতা শেষ হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি